

# Visit of the Prime Minister of Denmark to India (October 9-11, 2021)

October 05, 2021

## ডেনমার্কের প্রধানমন্ত্রীর ভারত সফর (অক্টোবর 9 - 11, 2021)

অক্টোবর 05, 2021

ডেনমার্কের প্রধানমন্ত্রী হার এক্সেলেন্সি শ্রীমতী মেতে ফ্রেডেরিকসেন 9 -11 অক্টোবর 2021 -এ রাষ্ট্রীয় সফরে ভারতে আসছেন।

2. হার এক্সেলেন্সি শ্রীমতী মেতে ফ্রেডেরিকসেন তার সফরকালে ভারতের রাষ্ট্রপতির সাথে সাক্ষাৎ করবেন এবং প্রধানমন্ত্রীর সাথে দ্বিপাক্ষিক আলোচনায় অংশগ্রহণ করবেন। তিনি বুদ্ধিদাতা, ছাত্রছাত্রী এবং সুশীল সমাজের সদস্যদের সাথেও কথাবার্তা বলবেন।

3. ভারত-ডেনমার্ক দ্বিপাক্ষিক সম্পর্ক নিয়মিত উচ্চস্তরীয় আদানপ্রদানের দ্বারা চিহ্নিত এবং ঐতিহাসিক যোগসূত্র, একই গণতান্ত্রিক ঐতিহ্য এবং আঞ্চলিক তথা আন্তর্জাতিক শান্তি ও সুস্থিতির বন্ডিত আকাঙ্ক্ষার ভিত্তির উপরে দাঁড়িয়ে রয়েছে।

4. 2020 সালের 28শে সেপ্টেম্বরে শীর্ষ সন্মেলন চলাকালীন, ভারত এবং ডেনমার্ক একটি 'গ্রিন স্ট্র্যাটেজিক পার্টনারশিপ' বা 'কৌশলগত সবুজ অংশীদারিত্ব' প্রতিষ্ঠা করেছিল। হার এক্সেলেন্সি শ্রীমতী মেতে ফ্রেডেরিকসেন-এর এই সফর উভয় পক্ষকে দ্বিপাক্ষিক সম্পর্কের আগাগোড়া আলোচনা করতে এবং 'গ্রিন স্ট্র্যাটেজিক পার্টনারশিপ'-এর বাস্তবায়নের অগ্রগতি নিয়ে পর্যালোচনা করার সুযোগ করে দেবে। উভয়পক্ষ পারস্পরিক স্বার্থের আঞ্চলিক ও বহুপাক্ষিক বিষয়গুলি নিয়েও নিজেদের মধ্যে আলোচনা করবেন।

5. ভারত এবং ডেনমার্কের মধ্যে বাণিজ্য এবং বিনিয়োগের দৃঢ় মৈত্রবন্ধন রয়েছে। 200 রও বেশী ডেনিস কোম্পানি ভারতে রয়েছে এবং 60-এর অধিক ভারতীয় কোম্পানি ডেনমার্কে রয়েছে। পুনর্নবীকরণ শক্তি, পরিষ্কার প্রযুক্তি, জল ও আবর্জনা পরিচালন, কৃষি ও পশুপালন, বিজ্ঞান ও প্রযুক্তি, আইসিটি সহ ডিজিটাইজেশন, স্মার্ট সিটি, শিপিং ইত্যাদি ক্ষেত্রে নিবিড় সহযোগিতা বিদ্যমান রয়েছে।

6. আশা করা যাচ্ছে যে, এই সফর ভারত এবং ডেনমার্কের মধ্যে ঘনিষ্ঠ এবং বন্ধুত্বপূর্ণ বন্ধনকে আরও মজবুত ও উন্নত করবে।

নিউ দিল্লী

অক্টোবর 5, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.